



দুই দিনব্যাপী সুপ্রিম কোর্ট বার নির্বাচনের ভোটগ্রহণ চলছে



সংগৃহীত ছবি

সুপ্রিম কোর্ট বার নির্বাচনের ভোটগ্রহণ শুরু আইনজীবীদের শীর্ষ সংগঠন সুপ্রিম কোর্ট আইনজীবী সমিতির ২০২৬-২৭ মেয়াদের কার্যনির্বাহী কমিটি নির্বাচনের ভোটগ্রহণ শুরু হয়েছে। বুধবার (১৩ মে) শুরু হওয়া এ ভোটগ্রহণ চলবে আগামী ১৪ মে পর্যন্ত।

এবার সমিতির ১৪টি পদে নির্বাচন অনুষ্ঠিত হচ্ছে। এর মধ্যে রয়েছে সভাপতি, দুইজন সহ-সভাপতি, সম্পাদক, কোষাধ্যক্ষ, দুইজন সহ-সম্পাদক এবং সাতটি সদস্য পদ। নির্বাচনের তফসিল অনুযায়ী, গত ২৮ এপ্রিল মনোনয়নপত্র যাচাই-বাছাই শেষে বৈধ প্রার্থীদের তালিকা প্রকাশ করা হয়। নির্বাচন পরিচালনা উপ-কমিটির আহ্বায়কের দায়িত্ব পালন করছেন বিচারপতি মো. মফতাহ উদ্দিন চৌধুরী।

বিএনপি সমর্থিত জাতীয়তাবাদী আইনজীবী ফোরামের 'নীল প্যানেল' থেকে সভাপতি পদে লড়ছেন সিনিয়র অ্যাডভোকেট ব্যারিস্টার এ এম মাহবুব উদ্দিন খোকন। সম্পাদক পদে রয়েছেন মোহাম্মদ আলী। এছাড়া বিভিন্ন পদে দলটির আরও একাধিক প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করছেন।

জামায়াত সমর্থিত 'সবুজ প্যানেল' থেকে সভাপতি পদে প্রতিদ্বন্দ্বিতা করছেন আবদুল বাতেন। সম্পাদক পদে প্রার্থী হয়েছেন এ কে এম রেজাউল করিম খন্দকার। সহ-সভাপতি, কোষাধ্যক্ষ ও সদস্য পদেও প্যানেলটির প্রার্থীরা মাঠে রয়েছেন।

অন্যদিকে এনসিপি সমর্থিত 'লাল-সবুজ প্যানেল' আংশিক প্যানেল ঘোষণা করেছে। এ প্যানেল থেকে সম্পাদক পদে লড়ছেন আজমল হোসেন বাচ্চু। এছাড়া স্বতন্ত্রভাবেও সভাপতি, সম্পাদক ও সদস্য পদে কয়েকজন আইনজীবী নির্বাচনে অংশ নিয়েছেন।